# ST. LAWRENCE HIGH SCHOOL

A JESUIT CHRISTIAN MINORITY INSTITUTION

**Final Term Test -2018**

**Class: 3 A &C**

**Subject: Bengali Text** F.M.:75

**Duration: 2 hrs.** Date: 19Th November 2018

(Marks will be deducted for untidy work, spelling mistakes & work not done in systematic manner.)

'ক' বিভাগ – ২০

১। শব্দের অর্থ লেখ :- স্নেহ , এড়িয়ে , সঞ্চিত , আরসি , চুল্লি ৫

২। বিপরীত শব্দ লেখ :- উপকার , মিল , স্বাধীন , সম্ভব , সামনে ৫

৩। বাক্য রচনা কর :- চমৎকার , ঝকঝকে , ঝগড়া , ডিঙি , শক্ত ৫

৪। একটি বাক্যে উত্তর লেখ :- ৫

ক) সদাগর বানিজ্য করতে গিয়ে পথে কোথায় নেমেছিল ?

খ) উদ্ভিদের পাতায় যে সবুজ রঙ থাকে তার নাম কী ?

গ) স্বাধীনতার সুখ কবিতায় কোন কোন পাখির নাম আছে ?

ঘ) নদী থেকে উঠে কুমিরটা কার ঠ্যাং ধরে জলে টেনে নিয়ে গেছিল ?

ঙ) আমরা বায়ু থেকে শ্বাসের সঙ্গে কী গ্যাস গ্রহণ করি ?

'খ' বিভাগ – ২৫

৫। (ক) 'কোথা পাবে পাখা সে' – এখানে পাখা কী ? পাখা পেলে তালগাছ কী করবে ? তালগাছ কোন জিনিসকে তার পাখা মনে করছে ? ১+১+১=৩

(খ) 'বাচ্চা না হলে এদের বাসা তৈরী করা সম্ভব হয় না' কোন গল্প থেকে নেওয়া হয়েছে ?

এদের বলতে কাদের কথা বলা হয়েছে ? বাচ্চার সাহায্যে এরা কিভাবে বাসা বোনে ? ৩

(গ) বায়ুতে কী কী গ্যাস আছে কয়েকটির নাম লেখ । ৩

(ঘ) 'সে আমার কাছে গল্প করেছিল' – কোন গল্প থেকে নেওয়া হয়েছে ? লেখকের নাম কী ? সে কিসের কিসের গল্প করেছিল ? ১+১+১=৩

(ঙ) চড়াই কোথায় বাসা বানায় ? বাবুইয়ের বাসা চড়াইয়ের খারাপ মনে হয় কেন ? ১+২=৩

(চ) কাঁচ কিভাবে তৈরী হয় ? প্রথম প্রথম কাঁচ কী কাজে ব্যবহৃত হত ? ১+২=৩

(ছ) বুড়ি পিসিমা কোথায় থাকতেন ? তিনি ভয় পেয়েছিলেন কেন ? ১+২=৩

(জ) তুলো কোথা থেকে পাই ? তুলো দিয়ে কি হয় ? ১+১=২

(ঝ) রোমানরা কাঁচ দিয়ে কি কি নিত্য প্রয়োজনীয় জিনিস বানিয়েছিল ? ২

## 'গ' বিভাগ – ৩০

৬। উত্তর লেখ :-

(ক) বাবুই পাখি চড়াই পাখিকে ডেকে কী বলেছিল , কবিতার লাইনে লিখে দেখাও । ৫

(খ) উদ্ভিদ আমাদের কী কী উপকার করে ? যে কোন ৪টি লেখ । ৫

(গ) শ্রমিক নালসো পিপঁড়ে সম্বন্ধে কি জান লেখ । ৫

(ঘ) তালগাছের কী সাধ হয়েছে ? সেই সাধ সে কীভাবে পূরণ করতে চায় লেখ । ১+৪=৫

(ঙ) ইংরেজরা কিভাবে নতুন রকমের কাঁচ তৈরি করেছিল ? ৫

(চ) এই প্রাণীগুলির মধ্যে কোনগুলি তৃণভোজী আর কোনগুলি মাংসাশী আলাদা করে লেখ । ৫

সিংহ , ছাগল , বাঘ , হাতি , ভেড়া , শিয়াল , উট , হরিণ

ST. LAWRENCE HIGH SCHOOL

A JESUIT CHRISTIAN MINORITY INSTITUTION

FOR GOD AND COUNTRY

**Final Term Test -2018**

**Class: 3 A &C**

**Subject: Bengali Text** F.M.:75

**Duration: 2 hrs.** Date: 19Th November 2018

(Marks will be deducted for untidy work, spelling mistakes & work not done in systematic manner.)

## Model Answers

### ‘ক’ বিভাগ - ২০

১। শব্দের অর্থ লেখ :- ৬

মায়ামমতা , পাশকাটিয়ে , জমা , আয়না , উনুন

২। বিপরীত শব্দ লেখ :- ৫

অপকার , অমিল , পরাধীন , অসম্ভব , পিছনে

৩। বাক্য রচনা (নিজে লেখ) :- ৫

চমৎকার , ঝকঝকে , ঝগড়া , ডিঙি , শক্ত

৪। একটি বাক্য উত্তর লেখ :- ৫

ক) ক) সদাগর বানিজ্য করতে গিয়ে পথে প্যালেস্টাইনে নেমেছিল।

খ) উদ্ভিদের পাতায় যে সবুজ রঙ থাকে তার নাম ক্লোরোফিল।

গ) স্বাধীনতার সুখ কবিতায় চড়াই ও বাবুই পাখির নাম আছে।

ঘ) নদী থেকে উঠে কুমিরটা পাঠার ঠ্যাং ধরে জলে টেনে নিয়ে গেছিল।

ঙ) আমরা বায়ু থেকে শ্বাসের সঙ্গে অক্সিজেন গ্যাস গ্রহণ করি।

### ‘খ’ বিভাগ - ২৫

৫। (ক) ‘কোথা পাবে পাখা সে’ – এখানে পাখা হল তালগাছের গোল গোল পাতা।

পাখা পেলে তালগাছ আকাশে উড়ে যাবে।

তার গোল গোল পাতাগুলোকে তার পাখা মনে করছে।

(খ) 'বাচ্চা না হলে এদের বাসা তৈরী করা সম্ভব হয় না' - 'নালসো পিঁপড়ের কথা' গল্প থেকে নেওয়া হয়েছে ।

এদের বলতে নালসো পিঁপড়েদের কথা বলা হয়েছে ।

এরা বাচ্চার মুখের লালার সাহায্যে সুতো বুনে বাসা তৈরী করে।

গ) বায়ুতে নাইট্রোজেন , অক্সিজেন , আরগন ,কার্বনডাই-অক্সাইড এবং অন্য কিছু গ্যাস থাকে।

(ঘ) 'সে আমার কাছে গল্প করেছিল' – 'আবদুল মাঝির গল্প' থেকে নেওয়া হয়েছে।

লেখকের নাম রবীন্দ্রনাথ ঠাকুর। সে নেকড়ে বাঘ ও কুমিরের গল্প বলেছিল।

(ঙ) চড়াই অট্টালিকায় বাসা বানায়। বাবুই রোদ , বৃষ্টি ও ঝড়ে কষ্ট পায় বলে বাবুইয়ের বাসা চড়াইয়ের খারাপ মনে হয়।

(চ) বালির সঙ্গে ক্ষার গলিয়ে কাঁচ তৈরী হয়। প্রথম প্রথম শৌখিন জিনিস হিসাবে কাঁচ ব্যবহৃত হত।

(ছ) বুড়ি পিসিমা কাশীতে থাকতেন। হনুমানেরা নিজেদের মধ্যে মারামারি করতে করতে আঁচড় কামড় লাগিয়ে দিতে পারে এই দেখে পিসিমা ভয় পেয়েছিলেন।

(জ) কার্পাস গাছ থেকে তুলো পাই। তুলো দিয়ে সুতো , সুতো থেকে কাপড় হয়।

(ঝ) রোমানরা কাঁচ দিয়ে শারশি, বাসন, প্রদীপদান ইত্যাদি নিত্য প্রয়োজনীয় জিনিস বানিয়েছিল।

'গ' বিভাগ - ৩০

৬। ক) বাবুই পাখি চড়াই পাখিকে ডেকে বলেছিল –

সন্দেহ কি তায় ,

কষ্ট পায় তবু থাকি নিজের বাসায় ;

পাকা হোক তবু ভাই পরের ও বাসা।

নিজ হাতে গড়া মোর কাঁচা ঘর খাসা।

খ) উদ্ভিদ আমাদের অনেক উপকার করে (৪ টি) নিজে লেখ।

গ) শ্রমিক নালসো পিঁপড়ে :- শ্রমিক নালসো পিঁপড়েদের ডানা থাকে না। গায়ের রঙ লাল। লম্বায় সিকি ইঞ্চি হয়। এরা সংসারের সব কাজ করে। যুদ্ধের সময় এরা সৈনিকের কাজ করে।

ঘ) তালগাছের আকাশে উড়ে যাবার সাধ হয়েছ। বাদলা দিনে তালগাছের গোল গোল পাতাগুলি ঝরঝর থথ্থর করে কাঁপে, তখন সে ভাবে তার ঐ পাতাগুলোকে পাখা মনে করে আকাশেতে বেড়িয়ে এসে তার সাধ পূরন করবে।

ঙ) ইংরেজরা সমুদ্রের পানা পুড়িয়ে তা থেকে পটাশ বার করে। সেই পটাশের মধ্যে খাটি চকমকি গুঁড়ো আর সীসা ভষ্ম মিশিয়ে জলের মতো স্বচ্ছ নতুন রকমের কাঁচ তৈরি করলেল।

চ)

| তৃণভোজী | মাংসাশী |
| --- | --- |
| ছাগল , হাতি , ভেড়া , উট , হরিণ | সিংহ , বাঘ ,শিয়াল |

XXXXXXXXXXXXXXXXXXXX